

ফেনী জেলাধীন ফুলগাজী উপজেলার সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী



সভাপতিঃ জনাবা ফেরদৌসী বেগম
উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।
সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলগাজী, ফেনী।
সভার তারিখঃ ২৪/০৫/২০২১খ্রি. সময়ঃসকাল ১০.৩০ টা


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার প্রারম্ভে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তথা সদস্য সচিব উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহ অভিযান-২০২১ এর অধীনে ধান সংগ্রহের হালনাগাদ তথ্যসহ খাদ্য অধিদপ্তরের স্মারক নং-৫৯ তারিখঃ ২৬/০৪/২০২১ ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক চট্টগ্রামের স্মারক নং-১০৯৫ তারিখঃ ২৮/০৪/২০২১ এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনীর স্মারক নং-৫১৫ তারিখঃ ২৭/০৪/২০২১খ্রি. সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ফুলগাজী উপজেলায় বোরো ধান সংগ্রহের মোট লক্ষ্যমাত্রা ৪১১ মেঃটন। অদ্যাবধি (২৩/০৫/২০২১) সংগৃহীত পরিমাণ ৭.০০০ মেঃ টন। লক্ষ্যমাত্রার অবশিষ্ট পরিমাণ ৪০৪.০০ মেঃ টন। প্রসংগতঃ উল্লেখ্য, ফুলগাজী উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কর্তৃক প্রাথমিকভাবে অধিক সংখ্যক কৃষকদের সুযোগদানের লক্ষ্যে প্রতি জন কৃষক হতে ১ (এক) মেঃ টন ধান ক্রয়ের সিদ্ধান্ত হয়েছিল।

এমতাবস্থায়, এপর্যন্ত সংগৃহীত পরিমাণ বিবেচনায় সংগ্রহ কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সর্বাঙ্গিক প্রচেষ্টা গ্রহন সত্বেও আশানুরূপ অগ্রগতি না হওয়ায় খাদ্য অধিদপ্তরের সর্বশেষ স্মারক নং-৯৩ তারিখঃ ২০/০৫/২০২১ এর মর্মানুযায়ী ফুলগাজী উপজেলার ধান সংগ্রহের বর্ধিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে উপস্থিত সকলে আলোচনাক্রমে নীতিমালা-২০১৭ অনুযায়ী ধান ক্রয় এবং নির্ধারিত সময়ের (১৬/০৮/২০২১) মধ্যে ফুলগাজী উপজেলায় সংগ্রহের প্রচেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১. প্রতিজন কৃষক হতে নীতিমালা-২০১৭ অনুযায়ী সর্বোচ্চ ৩ (তিন) মেঃ টন ধান ক্রয় করা হবে, তবে 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে এ সিদ্ধান্ত কার্যকর হবে।
২. নির্ধারিত সময়ের (১৬/০৮/২০২১) মধ্যে ফুলগাজী উপজেলায় সংগ্রহের জোর প্রচেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।
৩. কোন অবস্থাতেই ফড়িয়া/ব্যবসায়ী/ মধ্যসত্ত্বভোগীদের নিকট হতে ধান ক্রয় যাবে না।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(ফেরদৌসী বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি


উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
ফুলগাজী, ফেনী।

স্মারক নং ১৩.০১.৩০৪১.০০১.১৬.০০৩.১৯.২৬.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ফেনী ১ আসন
- ২। জেলা প্রশাসক, ফেনী।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।
- ৬। জনাব আবুল আলম আজমীর, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
- ৭-৯। উপজেলা কৃষি/পল্লী উন্নয়ন/মহিলা বিষয়ক অফিসার, ফুলগাজী, ফেনী।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলগাজী খাদ্য গুদাম, ফুলগাজী, ফেনী। ধান ক্রয়ে উপযুক্ত সিদ্ধান্ত সমূহ, নীতিমালা এবং খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশনা পুংখানু পুংখানুভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখঃ ২৪/০৫/২০২১খ্রিঃ


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব

উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
ফুলগাজী, ফেনী।